

তারিখ 2 JAN 2009
পৃষ্ঠা ১০

ছাত্রলীগ নেত্রীরা আমাকে হুমকি দিয়েছে : ফজিলাতুন্নেসা মুজিব হলের প্রভোস্ট

১ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেগম ফজিলাতুন্নেসা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক নিল হওশন জিন্নাত আরা নাফসীনকে হুমকি দিয়েছে ছাত্রলীগের নেত্রীরা। মঙ্গলবার দুপুরে ছাত্রলীগের একজন কেন্দ্রীয় সহ-সভাপতি এবং হল শাখার কয়েকজন নেত্রী প্রভোস্টের কক্ষে এসে তাকে এ হুমকি দেয় বলে প্রভোস্ট জানান।

এ বিষয়ে হল প্রভোস্ট অধ্যাপক নিল হওশন জিন্নাত আরা নাফসীন ইত্তেফাককে বলেন, ছাত্রলীগ নেত্রী অপর্ণা পাল, হলের আঞ্চলিক ছাত্রী মাহবুবা ইসলাম, নাট্যকলা ও সঙ্গীত বিভাগের ছাত্রী রুপা কুওর, নেকড়ে ছাত্রলীগের নেতা-কর্মীরা সৌজন্য সাক্ষাতের কথা বলে মঙ্গলবার দুপুরে আমার সঙ্গে দেখা করতে আসেন। তারা হলের বিভিন্ন সমস্যা নিয়ে তার সঙ্গে কথা বলেন। এর পরীয়ে তারা প্রভোস্টের কাছে হলের সার্বিক অবস্থা জানানতে চান। তারা বলেন, আপনি আপনার হতো প্রশাসন চালাচ্ছেন কেন? আপনার টাইম তো শেষ হয়ে যাচ্ছে। ছাত্রলীগ কর্মীরা এ সময় আরও বলেন, ছাত্রলীগের নেতা-কর্মীদের কেন এখনো হলে রাখছেন? তাদের প্রব্লেম জবাবে তিনি তাদের বলেন, জানব বলে থাকার সময় আছে তারই বলে আছে। তিনি জানান, আগামী মার্চে তার মেয়াদ শেষ হবে।

হুমকির এ বিষয়ে ছাত্রলীগের কেন্দ্রীয় সহ-সভাপতি অপর্ণা পাল বলেন, প্রভোস্টের সঙ্গে সৌজন্য সাক্ষাতের জন্য গিয়েছিলাম। তাকে হুমকি দেয়ার প্রস্তুতি আছে না। পরিকল্পিতভাবে প্রভোস্ট এটাকে রাজনৈতিক ইস্যুতে পরিণত করতে চাচ্ছেন।